

আজকাল কলকাতা ১৩ জুন ২০১১

সজলের ছবি



রঙ-তুলি নয় সজল ঘোষের শিল্প সৃষ্টির মাধ্যম ক্যামেরা। চারপাশের নানা জিনিস, মুহূর্ত তাঁর চোখে বিশেষ রূপে ধরা পড়ে, তিনি তাকে বন্দী করেন লেন্সের মাধ্যমে। এইভাবে তোলা বহু ছবি থেকে বাছাই বেশ কয়েকটি ছবি নিয়ে শুরু হচ্ছে তাঁর প্রথম আলোকচিত্র প্রদর্শনী— 'এক্সপ্লেসনস অন ক্যানভাস'।

আগামীকাল বিড়লা অ্যাকাডেমি অফ আর্ট অ্যান্ড কালচারে, পঞ্চম তলে প্রদর্শনীর উদ্বোধন করবেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ভারতী রায়।

